# সৌদি আরবে দুটি সামরিক অভিযান চালানোর দাবি হুতিদের




ছবি: আল জাজিরা।

সৌদি আরবের বিভিন্ন স্থাপনা লক্ষ্য করে দুটি সামরিক অভিযান চালানোর দাবি করেছে ইয়েমেনের হুতি সশস্ত্র গোষ্ঠী। শনিবার (১৯ সেপ্টেম্বর) টেলিভিশনে দেওয়া এক বিবৃতিতে এ দাবি করেন হুতিদের মুখপাত্র ইয়াহিয়া সারে।

তিনি বলেন, সৌদি রাজধানী রিয়াদ ও লোহিত সাগরের বন্দরনগরী ইয়ানবুকে লক্ষ্য করে অভিযান দুটি চালানো হয়েছে। এর মধ্যে কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দর এবং সৌদি আরামকোর তেল স্থাপনা ছিল বলে জানান তিনি।

ইয়াহিয়া সারে দাবি করেন, এসব হামলায় ব্যালিস্টিক ও ক্রুজ ক্ষেপণাস্ত্রের পাশাপাশি ড্রোন ব্যবহার করা হয়েছে। ইয়েমেনে সৌদি আরবের নিয়মিত বিমান হামলার জবাব দিতেই এসব অভিযান চালানো হয়েছে বলেও জানান তিনি।

LENS ASIA

হুতি মুখপাত্রের অভিযোগ, গত এক সপ্তাহে ইয়েমেনের বিভিন্ন এলাকায় সৌদি আরব তিন শতাধিক বিমান হামলা চালিয়েছে। তবে হুতিদের এসব দাবির স্বাধীনভাবে সত্যতা যাচাই করা যায়নি।

গত জুলাইয়ে সৌদি আরবের বিরুদ্ধে নৌ-অবরোধ ঘোষণার পর থেকেই দেশটির বিভিন্ন স্থাপনা ও জাহাজে হামলা চালানোর দাবি করে আসছে হুতিরা। লোহিত সাগরে সৌদি মালিকানাধীন বা সৌদির সঙ্গে সংশ্লিষ্ট জাহাজেও হামলার অভিযোগ রয়েছে।